
International Labour Organization



কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরীG

কোভিড-১৯ নির্দেশিকা এবং পদক্ষেপ সমূহের তালিকা

পোশাক কারখানা ও পরিচালকদের জন্য

# কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তীকালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরীর জন্য পোশাক কারখানার জন্য নির্দেশিকা

কোভিড-১৯ মহামারীর সংকটের সময় কারখানার কার্যক্রম রিচালনা করা এবং স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরীর জন্য এশিয়ায় পোশাক কারখানার জন্য আইএলও ছয়টি পদক্ষেপ বিশিষ্ট একটি ক্রম নির্দেশিকা প্রদান করেছে।


সংক্ষিপ্ত বিবরণ: পোশাক প্রস্তুতকারকদের জন্য **স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরীর** নির্দেশিকা।


নির্দেশিকা গুলোতে তালিকা এবং ছক অন্তর্ভুক্ত রয়েছে

নির্দেশিকাগুলোতে আছে:

- পোশাক কারখানার জন্য প্রাসঙ্গিক বিষয়সমূহ সম্পর্কে নির্দেশনা যা ব্যবসার স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা উন্নত করবে।
- পোশাক কারখানা এবং পরিচালকদের জন্য প্রস্তাবনা এবং ধারাবাহিক নির্দেশনাবলী।
- বিষয়গুলোর মধ্যে রয়েছেঃ অর্থ পরিচালনা, ব্যয় হ্রাস, আয়ের বিকল্প উৎস সন্ধান করা, আপনার শ্রমিকদের সাথে যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থা, অনলাইন যোগাযোগ পদ্ধতি স্থাপন করা এবং সুরক্ষা ও কর্মদক্ষতার জন্য আপনার কারখানা সংগঠিত করা।
- যেসব ভাষায় পাওয়া যাবে: বাংলা, চীনা, ইংরেজি ,খেমার এবং থাই

## কোভিড-১৯ মহামারী এবং এশিয়ার পোশাক কারখানা

কোভিড-১৯ মহামারীর ফলে এশিয়ার পোশাক শিল্পে মারাত্মক প্রভাব পড়েছে। এই প্রভাব কমাতে পোশাক প্রস্তুতকারকদের ব্যবসায় স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা উন্নত করা এবং দীর্ঘ মেয়াদী প্রভাবের জন্য প্রস্তুতি নেয়া প্রয়োজন। পোশাকশিল্পের জরুরী প্রয়োজনের প্রেক্ষিতে, আইএলও কোভিড-১৯ সংকটের সময় ব্যবসা কার্যক্রম পরিচালনার জন্য পোশাক কারখানার পরিচালকদের জন্য ছয়টি নির্দেশিকা তৈরি করেছে।

প্রাথমিকভাবে দ্বিতীয় সারি এবং সাব-কনট্রাক্টিং কারখানার জন্য পরিকল্পিত



**পোশাক কারখানাগুলোর জন্য ছয়টি নির্দেশিকা**

সাধারণ এবং সহজেই বাস্তবায়নযোগ্য প্রস্তাবনা, তালিকা এবং অতিরিক্ত টেম্পলেট সহ এই নির্দেশিকাগুলো কারখানার বিপর্যয় মোকাবিলার সক্ষমতা বাড়াতে পদক্ষেপ নিতে সাহায্য করবে। নির্দেশিকাগুলো প্রাথমিকভাবে দ্বিতীয় সারি এবং সাব-কন্ট্রাক্টিং কারখানার জন্য পরিকল্পনা করা হয়েছে।

নিম্নলিখিত ছয়টি নির্দেশিকা বর্তমানে প্রাপ্য:

- **আপনার অর্থ পরিচালনাঃ** সংকটের এই সময়ে আপনার কারখানাকে আরও ভালো ভাবে পরিচালনা করতে আপনার অর্থের যোগানের প্রতিলক্ষ রাখুন।
- **ব্যয় হ্রাসঃ** আপনার কারখানা পরিচালনায় আর্থিক তারল্য এবং অর্থের যোগানের চাপ কমাতে ব্যয় হ্রাস করুন।
- **আয়ের বিকল্প উৎস সন্ধানঃ** আপনার কারখানা মহামারীর এই প্রভাবে যেন টিকে থাকতে পারে তা নিশ্চিত করতে নতুন আয়ের উৎস সন্ধান করুন।
- **অনলাইন চালুঃ** একটি অনলাইন যোগাযোগ পদ্ধতি প্রতিষ্ঠাঃ আপনার কারখানার প্রচার এবং ক্রেতাদের সাথে যোগাযোগের সুবিধার্থে একটি অনলাইন যোগাযোগ পদ্ধতি স্থাপন করুন।
- **দক্ষতার জন্য আপনার কারখানা সংগঠিত করা:** আরও ভালো সুরক্ষা ব্যবস্থা করা এবং এর পরিচালনা কর্মদক্ষতা উন্নত করতে আপনার কারখানাকে পুন: বিন্যাস করুন।
- **আপনার কর্মীদের সাথে যোগাযোগঃ** সংকটের সময় আরও সংবেদনশীল এবং উৎপাদনশীল কারখানার পরিবেশ তৈরী করার জন্য ভালোভাবে অভ্যন্তরীণ যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থা বজায় রাখুন।

কারখানাগুলোকে উপরের তালিকা অনুসারে নির্দেশিকাগুলো পড়ার জন্য সুপারিশ করা হচ্ছে। নির্দেশিকাগুলো বাংলা,চীনা ইংরেজি এবং **খেমার** ভাষায় পাওয়া যাবে।

দাবী পরিত্যাগঃ কার্যক্রম পুনরায় শুরু করার পূর্বে, শ্রমিকরা যেন নিরাপদে কাজে ফিরতে পারে কারখানার পরিচালকদের তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। এই বিষয়ে আরও বেশী নির্দেশনার জন্য কারখানাগুলো আইএলও এর নিম্নলিখিত নির্দেশিকাগুলো দেখতে পারেন;

- বাংলাদেশের কারখানাগুলোর জন্য কোভিড-১৯ পরিচালনার নির্দেশিকা( বাংলাদেশের বাইরের কারখানার সাথেও সম্পর্কিত)
- নিরাপদে কাজে ফিরুনঃ কোভিড-১৯ প্রতিরোধে নিয়োগকারীদের জন্য নির্দেশিকা

সুইডেন সরকারের অর্থায়নে, আইএলও এন্টারপ্রাইজ ডিপার্টমেন্ট, ডিসেন্ট ওয়ার্ক ইন দা গার্মেন্ট সেক্টর সাপ্লাই চেইন ইন এশিয়া প্রকল্পের জন্য, কোভিড-১৯ স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ব্যবসায়িক সক্ষমতা তৈরীর নির্দেশিকা তৈরী করেছে।

কোভিড-১৯ মহামারীর সময় কার্যক্রম পরিচালনা করার জন্য এই সংক্রান্ত আরো বেশী তথ্য/সহায়তা পেতে দেখুন;

▶ ilo.org/covid19

**Decent Work Technical Support Team for East and South-East Asia and the Pacific**
United Nations Building, 10th Floor
Rajdamnern Nok Avenue,
Bangkok 10200, Thailand
Tel.: 662 288 1234 Fax. 662 288 3058
Email: BANGKOK@ilo.org

DECENT WORK
A better world starts here.